



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-০৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



website: www.bfa.gov.bd, e-mail: bfarchivebd@gmail.com

নং -১৫.৫৮.০০০০.১০৬.১৮.৪৯৪.১৪(অংশ-০৩)/৭৩৩

তারিখ: ২১/০৮/২০২৫ খ্রি.

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল ২২তম সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল-এর ২২তম সংখ্যায় প্রকাশের জন্য আগ্রহী গবেষক/লেখকদের নিকট থেকে প্রবন্ধ/লেখা আহ্বান করা যাচ্ছে।


জার্নালে লেখার বিষয়

◆ চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট গবেষণাভিত্তিক এবং পর্যালোচনামূলক প্রবন্ধ/লেখা।

জার্নালে লেখা প্রেরণের নিয়মাবলী

- ◆ প্রবন্ধ/লেখা বাংলা অথবা ইংরেজিতে হতে পারে। বাংলা প্রবন্ধ/লেখার ক্ষেত্রে বাংলা একাডেমির প্রমিত বানানরীতি অনুসরণ করতে হবে। গবেষণাভিত্তিক প্রবন্ধ/লেখা ৫,০০০ থেকে ৬,০০০ শব্দ এবং পর্যালোচনামূলক প্রবন্ধ/লেখা ৩,০০০ থেকে ৫,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকা বাঞ্ছনীয়। লেখার বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক ছবি সংযুক্ত করা যেতে পারে। ছবিসমূহ শিরোনামসহ আলাদাভাবে JPEG ফরমেটে প্রেরণ করতে হবে।
- ◆ প্রবন্ধ/লেখা মৌলিক ও অপ্রকাশিত হতে হবে এবং এ বিষয়ে গবেষক/লেখককে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। একই প্রবন্ধ/লেখা ইতোপূর্বে অন্য কোথাও প্রকাশিত হয়ে থাকলে তা বাতিল বলে গণ্য হবে।
- ◆ প্রবন্ধ/লেখা A-4 সাইজের সাদা কাগজের এক পৃষ্ঠায় ডাবল স্পেসে কম্পোজ করতে হবে। বাংলা প্রবন্ধ/লেখার ক্ষেত্রে SutonnyMJ ফন্ট এবং ইংরেজি প্রবন্ধ/লেখার ক্ষেত্রে Times New Roman ফন্ট ব্যবহার করতে হবে। প্রবন্ধ/লেখার ক্ষেত্রে এপিএ ফরমেট এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে উল্লিখিত স্টাইল শিট অনুসরণ করতে হবে। স্টাইল শিট এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালের পুরোনো সংখ্যা website: www.bfa.gov.bd-এ পাওয়া যাবে।
- ◆ লেখার সফটকপি MS Word ডকুমেন্ট এবং পিডিএফ উভয় ফরমেটে অনলাইনে (e-mail: dg@bfa.gov.bd অথবা bfarchivebd@gmail.com) এবং হার্ডকপি ডাক মারফত বা সরাসরি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে পাঠাতে হবে। প্রবন্ধ/লেখার সফটকপির মধ্যে ছবিসমূহ সংযুক্ত করার স্থান চিহ্নিত করে দিতে হবে।
- ◆ প্রবন্ধ/লেখার শেষে অবশ্যই গবেষক/লেখকের পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও মোবাইল ফোন নম্বর (হোয়াটসঅ্যাপসহ) উল্লেখ করতে হবে।
- ◆ জার্নালে প্রকাশের জন্য প্রাপ্ত প্রবন্ধ/লেখা নির্বাচনের ক্ষেত্রে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক জার্নালের মতো পিয়ার রিভিউ পদ্ধতি অনুসরণ করা হবে। সে অনুযায়ী প্রবন্ধ/লেখাসমূহ জার্নাল সম্পাদনা পরিষদ কর্তৃক যথাযথ মূল্যায়নপূর্বক নির্বাচন করা হবে।

প্রবন্ধ/লেখা ২১/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ফিল্ম আর্কাইভ ভবন, এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭- ঠিকানায় হার্ডকপি এবং dg@bfa.gov.bd অথবা bfarchivebd@gmail.com, ই-মেইল ঠিকানায় সফটকপি প্রেরণ করতে হবে। জার্নালের জন্য নির্বাচিত প্রবন্ধ/লেখার লেখকগণ সরকার নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন।


ফারহানা রহমান
পরিচালক

ফোন : ০২-২২৩৩৭৪৯৫৫